**অবৈধভাবে গঠিত তথাকথিত কোর্ট অফ আর্বিট্রেশন সম্পর্কিত বিষয়**

27 জুন, 2025

আজ, সিন্ধু জল চুক্তি বা ইন্ডাস ওয়াটার্স ট্রিটি 1960-এর আওতায় গঠিত বেআইনি কোর্ট অফ আর্বিট্রেশন, আক্ষরিক অর্থে একটি অনুপযুক্ত সংস্থা হওয়া সত্ত্বেও, জম্মু ও কাশ্মীরের কেন্দ্রশাসিত অঞ্চলে কিষেনগঙ্গা এবং র‍্যাটল হাইড্রোইলেকট্রিক প্রকল্প সম্পর্কে তাদের নিজস্ব এক্তিয়ারকে "সাপ্লিমেন্টাল অ্যাওয়ার্ড" হিসাবে চিহ্নিত করেছে।

2. ভারত কখনও এই তথাকথিত কোর্ট অফ আর্বিট্রেশন-এর অস্তিত্বকে স্বীকৃতি প্রদান করেনি এবং ভারত সর্বদা এই অবস্থানে অনড় থেকেছে যে, এই তথাকথিত সালিশী সংস্থার অস্তিত্ব স্বয়ং ইন্ডাস ওয়াটার্স ট্রিটি বা সিন্ধু জল চুক্তির গুরুতর লঙঘন এবং তার ফলস্বরূপ এই ফোরামে হওয়া কোনও প্রক্রিয়া এবং এর দ্বারা গৃহীত কোনও রায় বা সিদ্ধান্ত একই কারণে অবৈধ এবং বাতিলযোগ্য।

3. পহেলগাম সন্ত্রাসবাদী হামলার পরে, ভারত আন্তর্জাতিক আইনের আওতায় একটি সার্বভৌম দেশ হিসাবে তার অধিকারের সদ্ব্যবহার করে সিন্ধু জল চুক্তি স্থগিত করেছে। যতক্ষণ না পাকিস্তান বিশ্বাসযোগ্যভাবে এবং অপরিবর্তনীয়ভাবে সীমান্ত-পারের সন্ত্রাসবাদের প্রতি তার সমর্থন প্রত্যাহার করছে, তার আগে পর্যন্ত এই চুক্তিটি বাতিল হিসেবে গণ্য করা হবে এবং ভারত এই চুক্তির আওতায় তার কোনও দায়বদ্ধতা পালন করতে বাধ্য থাকবে না। অপর কোনও কোর্ট অফ আর্বিট্রেশন, এমনকী অবৈধভাবে গঠন করা এই সালিশী সংস্থা, আইনের চোখে যার কোনও অস্তিত্ব নেই, তার কোনও এক্তিয়ার নেই একটি সার্বভৌম শক্তি হিসাবে ভারতের ক্রিয়াকলাপের বৈধতা পরীক্ষা করার।

4. সুতরাং, ভারত এই তথাকথিত সাপ্লিমেন্টাল অ্যাওয়ার্ড স্পষ্টভাবে প্রত্যাখ্যান করে, ঠিক যেভাবে এই সংস্থা দ্বারা প্রদত্ত আগের সমস্ত ঘোষণা প্রত্যাখ্যান করা হয়েছে।

5. পাকিস্তানের তরফে এই ঘৃণ্য পদক্ষেপ, সন্ত্রাসের বিশ্বব্যাপী কেন্দ্র হিসাবে তার ভূমিকার জন্য জবাবদিহির হাত থেকে বাঁচার আরও একটি মরিয়া প্রচেষ্টা আর কিছুই নয়। এই সাজানো আর্বিট্রেশন পদ্ধতির প্রতি পাকিস্তানের আস্থা, প্রকৃতপক্ষে বিভিন্ন আন্তর্জাতিক ফোরামকে প্রতারণা করার এবং প্রভাবিত করার তাদের কয়েক দশক পুরোনো পদ্ধতির সাথে সামঞ্জস্যপূর্ণ।

নয়া দিল্লি

27 জুন, 2025